



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd



নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৮.৩৮

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৭
১৪ জুলাই ২০২০

প্রজ্ঞাপন

উপজেলা পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর যথাযথ বাস্তবায়নে সার্বিক কার্যক্রমের সমন্বয়ের লক্ষ্যে নিম্নরূপ 'এপিএ সংক্রান্ত উপজেলা কমিটি' গঠন করা হয়েছে:

(ক) কমিটির গঠন:

- ১) উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি
- ২) সহকারী কমিশনার (ভূমি) - সদস্য
- ৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- ৪) উপজেলা কৃষি কর্মকর্তা - সদস্য
- ৫) উপজেলা প্রকৌশলী - সদস্য
- ৬) উপজেলা শিক্ষা কর্মকর্তা - সদস্য
- ৭) অফিসার ইনচার্জ - সদস্য
- ৮) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা - সদস্য
- ৯) উপজেলা সমাজসেবা কর্মকর্তা - সদস্য সচিব

(খ) কমিটির কার্যপরিধি:

- ১) উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসের এপিএ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- ২) এপিএ বাস্তবায়নে উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসের কর্মকর্তাকে প্রয়োজনে সমন্বয় সাধন;
- ৩) উপজেলা পর্যায়ের অফিসসমূহের এপিএ বাস্তবায়নে সমস্যা ও সম্ভাবনার বিষয়ে জেলা কমিটিকে অবহিতকরণ;
- ৪) এপিএ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন।

(গ) কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে এক বার সভায় মিলিত হবে।

(ঘ) প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪-৭-২০২০

মুহাম্মাদ সাইফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০১১১
ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pmpec_sec@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৮.৩৮/১(৬১৪)

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৭
১৪ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)